দৈনিক সংবাদ

ডকুমেন্টেশন কেন্দ্র



তারিখ ..10 NOV..1988..
পৃষ্ঠা ... 11 কলাম ... 1 ...

শিক্ষক সমিতি ফেডারেশন

# রাষ্ট্রপতি এরশাদ সভাপতি ও অধ্যক্ষ শহীদুল্লাহ মহাসচিব নির্বাচিত

রাষ্ট্রপতি এরশাদকে সভাপতি এবং অধ্যক্ষ এ, কে, এম শহীদুল্লাহকে মহাসচিব করে শিক্ষক সমিতি ফেডারেশনের ৪৬ সদস্য বিশিষ্ট কমিটি নির্বাচন করা হয়েছে। এই কমিটির কার্যকালের মেয়াদ হবে তিন বছর।

গত ৩রা নভেম্বর বঙ্গভবনে রাষ্ট্রপতি এরশাদের সভাপতিত্বে অনুষ্ঠিত ফেডারেশনের সভায় এই কমিটি নির্বাচন করা হয়। অধ্যক্ষ মোয়াজ্জেম হোসাইন খান, মুহম্মদ শহীদুর রহমান, মাওলানা খোন্দকার নাসিরুদ্দীন ও মো: আজিজুল হক শাহকে যুগ্ম মহাসচিব এবং অধ্যক্ষ এ, কে, এম শহীকুল ইসলামকে ফেডারেশনের সাংগঠনিক সচিব নির্বাচন করা হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।